বুকলেট

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

Committed to lead

প্রস্তাবিত কুমিল্লা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

শহীদ মিনার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়

যোগাযোগ

ই-মেইল : registrarcou@gmail.com
registrar@cou.ac.bd
ওয়েবসাইট : www.cou.ac.bd

কুমিল্লা বিশ্ববিদ্যালয়
প্রতিষ্ঠাকাল: ২০০৬

বুকলেট কমিটি

প্রধান উপদেষ্টা
প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন
ভাইস-চ্যান্সেলর, কু.বি.

আহ্বায়ক
ড. মোহা: হাবিবুর রহমান
পরিচালক, ছাত্র পরামর্শক ও নির্দেশনা, কু.বি.

সদস্যবৃন্দ
জনাব কাজী ওমর সিদ্দিকী
প্রক্টর (ভারপ্রাপ্ত) কু.বি.

জনাব মোহাম্মদ নুরুল করিম চৌধুরী
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), কু.বি.

ড. জান্নাতুল ফেরদৌস
আহ্বায়ক, যৌন নিপীড়ন প্রতিরোধ, কু.বি.

সদস্য-সচিব
নুসরাত আরমিন
সেকশন অফিসার, কু.বি.

প্রকাশকাল: জানুয়ারি, ২০২৩

মুদ্রণে: মহানগর প্রিন্টিং প্রেস
নিউ মার্কেট, কুমিল্লা।
মোবাইল: ০১৭৩১-৩৩৫৫৭৭

Message from the Vice Chancellor

Welcome to Comilla University!

The university was born in 2006 in a green, peaceful, historically and academically famous location of Kotbari. As a young university, we have the energy and optimism of youth to make our university a place for high-quality learning, teaching, research, and innovation. We are committed to deliver learning that is constructive, authentic, meaningful, and life-long, and that engages our students. Furthermore, being a young university, we have a tremendous potential to contribute to nation's socio-economic development through leading scholarly research in science, technology, business, and community enrichment.

We will continue to deliver learning, innovation and research that our students need to survive and succeed. We are focused to contribute to the development of our beloved motherland by educating Bangladesh's future leaders, innovators, and thinkers. We will support our students to succeed and prepare them to be leaders - in every sector, be it in government, corporate, NGOs, or academia - who will proudly serve the nation through their merit and patriotism, and, thereby, contribute to deliver sustainable outcomes for the economy, society, and environment for current and future generations by integrating morality and ethical practices.

We believe that research is the core component of a university. Guided by this belief, we have a vision to make our university a key institute to lead research that impacts positively on today's local, national, and global challenges. Our research will be broad-based that may include issues such as how to address the socio-economic challenges, how to make the world a peaceful place for everyone, and how to build national competitiveness and foster healthy communities.

We aim to implement our vision independently, and in collaboration with academia, think tanks and community organizations from home and abroad.

We welcome you to become a part of our history.

Joy Bangla, Joy Bangabandhu.

কুমিল্লা বিশ্ববিদ্যালয় এগিয়ে যাক

Advance Comilla University

Professor A F M Abdul Moyeen, PhD (UK)
Vice Chancellor

কুমিল্লা বিশ্ববিদ্যালয় পরিচিতি

প্রতিষ্ঠা	: ২৮ মে ২০০৬
ক্লাস শুরু	: ২৮ মে ২০০৭
অনুষদ ও বিভাগ	: ৬টি ও ১৯ টি
শিক্ষক ও ছাত্র-ছাত্রী	: ২৬৫ জন ও ৭১৪১ জন (প্রায়)
কর্মকর্তা ও কর্মচারী	: ১০৬ জন ও ২০২ জন

অনুষদসমূহ

ক. বিজ্ঞান অনুষদ	: ১. গণিত ২. পদার্থ বিজ্ঞান ৩. রসায়ন ৪. পরিসংখ্যান ৫. ফার্মেসী
খ. কলা ও মানবিক অনুষদ	: ১. ইংরেজি ২. বাংলা
গ. সামাজিক বিজ্ঞান অনুষদ	: ১. লোক প্রশাসন ২. অর্থনীতি ৩. নৃবিজ্ঞান ৪. প্রত্নতত্ত্ব ৫. গণযোগাযোগ ও সাংবাদিকতা
ঘ. বিজনেস স্টাডিজ অনুষদ	: ১. ব্যবস্থাপনা শিক্ষা ২. একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ ৩. মার্কেটিং ৪. ফিন্যান্স এন্ড ব্যাংকিং
ঙ. প্রকৌশল অনুষদ	: ১. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ২. ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি
চ. আইন অনুষদ	: ১. আইন

আবাসিক হল

ছাত্র হল ৩টি	: ১. কাজী নজরুল ইসলাম হল ২. শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত হল ৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল
ছাত্রী হল ২টি	: ১. নওয়াব ফয়জুন্নেছা চৌধুরাণী হল ২. শেখ হাসিনা হল

ছাত্র পরামর্শক ও নির্দেশনা কার্যালয়

ছাত্র পরামর্শক ও নির্দেশনা কার্যালয় শিক্ষার্থীদের শৃঙ্খলা, শিক্ষা ও শিক্ষা বহির্ভূত বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান, তত্ত্বাবধান এবং সার্বিক কল্যাণের উদ্দেশ্যে নানা উদ্যোগ গ্রহণ করে। দপ্তরের পরিচালক ছাড়াও প্রতিটি বিভাগের ছাত্র-উপদেষ্টা হিসেবে একজন শিক্ষক দায়িত্ব পালন করেন।

প্রক্টর অফিস

বিশ্ববিদ্যালয়ের সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা ও অভ্যন্তরীণ সকলের সার্বক্ষণিক নিরাপত্তা প্রদানের ব্যবস্থা করে থাকে।

বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ

- উপাচার্য দপ্তর
- উপ-উপাচার্য দপ্তর
- ট্রেজারার দপ্তর
- রেজিস্ট্রার দপ্তর: এস্টেট শাখা, একাডেমিক শাখা, নিরাপত্তা শাখা, কেন্দ্রীয় স্টোর, ভেনপাস শাখা
- অর্থ ও হিসাব দপ্তর ◆ পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয় ◆ পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর
- কেন্দ্রীয় লাইব্রেরি কার্যালয় ◆ প্রকৌশল দপ্তর ◆ মেডিক্যাল সেন্টার ◆ আইসিটি সেল
- শারীরিক শিক্ষা কার্যালয় ◆ জনসংযোগ দপ্তর ◆ পরিবহন পুল ◆ কেন্দ্রীয় মসজিদ
- ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) ◆ গবেষণা ও সম্প্রসারণ দপ্তর
- কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া ◆ জনতা ব্যাংক লিমিটেড ◆ পোস্ট অফিস

বিশ্ববিদ্যালয়ের সংগঠনসমূহ

- কুমিল্লা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি
- কুমিল্লা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন
- কুমিল্লা বিশ্ববিদ্যালয় ৩য় শ্রেণী কর্মচারী পরিষদ ◆ কুমিল্লা বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি
- বিএনসিসি ◆ রোভার স্কাউট ◆ থিয়েটার ◆ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি (কুবিসাস) ◆ কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাব
- প্রতিবর্তন ◆ অনুপ্রাস-কণ্ঠ চর্চা কেন্দ্র ◆ অভয়ারণ্য ◆ রোটারাক্ট ক্লাব ◆ প্লাটফর্ম ব্যান্ড ◆ কুবি গবেষণা সংসদ (কুকিাস)
- সায়েন্স ক্লাব ◆ আইটি সোসাইটি ◆ ডিবেটিং সোসাইটি ◆ প্রথম আলো বন্ধু সভা
- বন্ধু (রক্ত দাতা সংগঠন) ◆ Entrepreneurship & Leadership Development Club (ELDC)
- ছায়া জাতিসংস্থ।

Examination Rules and Regulations for Bachelor's Degree

1. DURATION OF THE ACADEMIC PROGRAMME

The duration of the Bachelor degree programmes shall be four/five academic years divided into eight/ten semesters. Each academic year is divided into two semesters to be called as 1st semester and 2nd semester.

An academic semester comprised of six months is distributed as follows:
(Amended in 67th Academic Council & 82th Syndicate)

(i) Class Teaching (actual class)	=	14 weeks
(ii) Preparation time for semester-final examination	=	1 week
(iii) Semester-final examination	=	3 weeks
Total	=	18 weeks

2. EXAMINATION ENTRY REQUIREMENTS:

A student will be allowed to take part in Semester Final Examination if s/he fulfills the following conditions:

a. If s/he has the required percentage of attendance in each course lecture.

b. If the student has paid all dues (registration fees/tuition fees/other charges) applicable to university administration/residential hall administration/discipline administration.

c. If the student has not been instructed by the Disciplinary Board / Examination Disciplinary Committee to refrain from taking part in the examination.

3. EVALUATION SYSTEM

a. Theoretical Course: Each theoretical course offered should be composed of either 50 or 100 marks (each 50 marks course consisting of 2 credit point). The proportion of the total marks of a particular course shall be distributed as follows:

Continuous Assessment /Before-Final Assessment	40%
Semester-Final Examination	60%
Total =	100%

b. Before-final Assessment Report:

•At the end of the course, the course teacher shall calculate the total marks of the continuous assessment (including class attendance) and prepare a marks sheet. **The answer scripts of the mid-term examinations should be shown to the students as it is valuable for their learning process.** The before-final assessment marks have to be submitted to the Controller of the Examinations before the suspension of class for the semester final examinations.

c. Class-Attendance Requirements to Appear in the Semester Final Examination:

If class attendance of any student at any course is below 60%, but in the range of 40% to 59%, s/he will be allowed to attend the examination only with the recommendation of the course teacher and approval of the chairman of the department. In such cases the student will have to pay a fine as fixed by the authority/department.

ii. A student with class attendance of less than 40% in any course will be debarred from appearing in the Final Examination.

4. PROMOTION

a. Keeping consistence with the spirit of the semester system, semester-wise promotion will be declared.

b. For promotion from one semester to the next semester, a student is required to earn minimum 50% of the total credit in the respective semester on condition that s/he has passed the viva-voce. Remaining Credit hour has to earn within next available batches.* সেমিস্টার পরীক্ষায় উত্তীর্ণ হতে ৫০% ক্রেডিট অর্জনের পাশাপাশি অবশ্যই মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

The failed student shall be allowed to appear in the examination only in the fail course/s and no need to appear the course/s that already passed except improvement.

5. DEGREE REQUIREMENTS

a. For Bachelor (Honours) degree/BBA degree, a student requires to:

i. Earn required number of total credit points successfully;

i. Earn a minimum CGPA of 2.25; and

ii. Complete the programme within six academic years from her/his 1st admission to the program.

b. Award of (Pass) Degree:

i. A student who fails to secure a minimum CGPA of 2.25 after completing eighth semester final examination but succeeds in securing a CGPA between 2.00 and 2.25 will be eligible for a Pass Degree.

ii. A student who fails to remove 'F' in any two courses but secure a minimum CGPA of 2.00 after completing eight semester final examination will be eligible for a pass degree.

iii. The student with a Pass Degree shall not be eligible for admission into Masters Program.

6. IMPROVEMENT/F-REMOVAL OF GRADES

i. F-REMOVAL : A student having earned 'F' grade in any course in any semester shall be required to remove the 'F' grade. Removal of 'F' grade in any course is permitted only for two (2) times excluding the regular examination which has to be done with subsequent available batches

ii. IMPROVEMENT : A student having earned letter grade 'B-' (GP- 2.75) or below in any course may be allowed to improve the grade by appearing in the semester-final examination with the next available batch . S/he can avail this opportunity only once for a course. In such case the best GPA from the improvement or the regular examination of the concern subject shall be calculated for tabulation.

iii. No improvement shall be allowed in 7th & 8th semester final year.

* If a student gets one month after his result publication to sit for the examination with a batch that batch will be considered as available batch for her/his.

iv. SPECIAL SEMESTER EXAM. : Students who did not get the opportunity of removing 'F' in any course as per rule shall be allowed to sit for a special semester examination. This will be allowed only for the courses in 7th and 8th semester. In special cases this opportunity would be allowed for courses in semester 5th and 6th. In such cases student have to apply to the Chairman of the department within one week after publication of the 8th semester result.

7. RE-ADMISSION

a. A student failing to earn the requisite credit (50%)points for promotion from one semester to the next may seek readmission with the following batch.

b. Readmitted student shall be allowed to appear in the examination only in the fail course/s and no need to appear the course/s that already passed except improvement.

c. সকল বিশ্ববিদ্যালয়ে অনুসৃত একাডেমিক রুলস্ অনুসারে একজন ছাত্র-ছাত্রী স্নাতক (সম্মান) সম্পন্ন করার জন্য সর্বোচ্চ ছয় (০৬) ক্রম শিক্ষাবর্ষ সময় পাবে। একটি বর্ষে সর্বোচ্চ একবার এবং সম্পূর্ণ প্রোগ্রামে অনধিক দুইবার পুনঃভর্তির সুযোগ পাবে। (পুনঃভর্তি সংক্রান্ত অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে) (Amended in 24th Academic Council).

8. DROP OUT

a. If a student re-admitted twice in any semester fails to earn minimum required credits for promotion shall be dropped out from the programme.

b. If a student fails to earn required total credit points within six academic years since admissions, s/he will be dropped-out from the programme and will no more be allowed to continue his/her studentship with other programmes.

c. **Penalty for adoption of unfair means:** A student who has adopted unfair means in any examination, assignments, term papers, reports, research monograph etc. might be expelled from that semester or any other punishment might be imposed on him/her by the Examination Disciplinary Committee. Each such case has to be reported to the Examination Disciplinary Committee by the chief invigilator through the chairman of the Examination Committee. The Instruction to the examinee on cover leaf of the answer script must be followed by the examinee. Violation of these instructions and/ or any clause under Section-4 of the "Rules and Regulation Regarding Examination Offences and Disciplinary Actions" (Annex-2) will be treated as serious offence and punishable.

The following shall be considered Examination offences:

(a) Communication or attempt to communicate with any other candidate in the Examination Hall.

(b) Writing in the Examination Hall anything incriminating on the question paper or admit card, table, desk, bench, etc.

(c) Possession of incriminating notes, books, map, chart, slip, chit or any other documents, in the examination hall.

(d) Creating or inciting to create any nuisance or disturbance in the Examination Hall.

(e) Copying or attempt to copy from incriminating documents or from another's script, or from any writing on the person or wearing apparel while appearing at the Examination.

(f) Taking the script out of the Examination Hall.

(g) Changing the script or inserting unauthorized sheets in the script.

(h) Approaching or influencing the Invigilator, Examiners, or members of the Examination Committee, Tabulators to gain undue favor or advantage in connection with Examination.

(i) Using abusive language or holding out threat to the invigilator or any other person engaged on Examination duty inside or outside the Examination Hall.

(J) Assault or attempt to assault or use criminal force against Chief Invigilator or the Invigilator or any other person engaged on Examination duty inside or outside the Examination Hall.

Any other offence not covered by the above rules shall be dealt with by the Syndicate on the recommendation of the Examination Discipline Committee as it deems fit.

কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রক্টরীয় দিকনির্দেশনা

১। প্রক্টর উপাচার্যের নিকট সরাসরি দায়ী বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তা। তাঁহার পদমর্যাদা হলের প্রাধ্যক্ষের সমতুল্য। তাঁহাকে তাঁহার নিকট দায়ী সহকারী প্রক্টরবৃন্দ সহায়তা করিবেন এবং সহকারী প্রক্টরের পদমর্যাদা হলের হাউজ টিউটরের সমতুল্য হইবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় নির্ধারিত শর্তাবলী সাপেক্ষে প্রক্টর এবং সহকারী প্রক্টরবৃন্দ সাধারণ ক্ষেত্রে একনাগাড়ে দুই বৎসর মেয়াদের জন্য দায়িত্ব পালন করিবেন।

২। প্রক্টরের প্রধান দায়িত্বসমূহ নিম্নরূপ হইবে:

(ক) আবাসিক হলসমূহের বাহিরে বিশ্ববিদ্যালয় চত্বরে সকল শিক্ষার্থীর সার্বক্ষণিক শৃঙ্খলা ও আচরণের জন্য দায়ী থাকিবেন ।

(খ) তিনি উপাচার্য কর্তৃক সময় সময় নির্ধারিত শিক্ষার্থীদের শৃঙ্খলা ও আচরণ সংক্রান্ত অন্যান্য দায়িত্বসমূহ ও পালন করিবেন।

৩। বিশ্ববিদ্যালয় চলাকালীন শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য সাধারণ ক্ষেত্রে প্রত্যেকটি একাডেমিক ভবনে প্রক্টর বা একজন সহকারী প্রক্টর অবস্থান করিবেন। এতদুদ্দেশ্যে সংশ্লিষ্ট অধিকর্তার সাথে আলোচনাক্রমে প্রত্যেক অনুষদ হইতে একজন সহকারী প্রক্টরের স্বাভাবিক কর্মস্থল বিশ্ববিদ্যালয়ের এক একটি একাডেমিক ভবন হয়।

৪। (ক) প্রক্টর হলসমূহের বাহিরে বিশ্ববিদ্যালয়ের চত্বরে প্রতিটি ছাত্র-ছাত্রীর সার্বক্ষণিক শৃঙ্খলাপূর্ণ ও শোভন আচার-আচরণ নিশ্চিত করিবার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(খ) বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক পরিচয়পত্র প্রদান করা হইবে। তাহারা প্রক্টর বা সহকারী প্রক্টর অথবা যে কোন শিক্ষককে চাহিবামাত্র ইহা প্রদর্শন করিতে বাধ্য থাকিবে। এই নিয়ম লঙ্ঘন শৃঙ্খলা ভঙ্গের শামিল বলিয়া বিবেচিত হইবে।

(গ) কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের কোন কোন স্থানকে বিশ্ববিদ্যালয়ের জন্য প্রয়োজন সাপেক্ষে 'নিষিদ্ধ' ঘোষণা করিতে পারে এবং প্রক্টর এই নিয়ম লঙ্ঘনের ঘটনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপাচার্যের গোচরে আনিবেন।

৫। (ক) উপাচার্য উপযুক্ত বিবেচনা করলে তাঁহার শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত কোন ক্ষমতা প্রক্টরের নিকট অর্পণ করিতে পারেন। উপাচার্য প্রক্টরকে অর্পিত এইরূপ ক্ষমতা সম্পর্কে স্থায়ী আদেশ প্রদান করিবেন।

(খ) শৃঙ্খলা ভঙ্গ বা অশালীন আচরণের জন্য যে কোন শিক্ষার্থীকে কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় নির্ধারিত পরিমাণের অর্থ জরিমানা করিবার ক্ষমতা প্রক্টরের থাকিবে। এইরূপ পদক্ষেপের তথ্য প্রক্টর সংশ্লিষ্ট হলের প্রাধ্যক্ষ এবং উপাচার্যের গোচরে আনিবেন।

(গ) প্রক্টরের পূর্ব অনুমতি ব্যতিরেকে বিশ্ববিদ্যালয় চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয় চত্বরে বা কোন ভবনে কোন পার্টি বা আপ্যায়ন অনুষ্ঠান করা যাইবে না অথবা কোন শিক্ষার্থী বাদ্যযন্ত্র বা মাইক ব্যবহার করিতে পারিবেন না। এই নিয়মের লঙ্ঘন শৃঙ্খলা ভঙ্গের শামিল বলিয়া বিবেচিত হইবে।

(ঘ) কোন শিক্ষার্থী যদি ইচ্ছাকৃতভাবে বিশ্ববিদ্যালয়ের কোন সম্পদের বা কোন বাগানের ক্ষতি সাধন, অঙ্গ বিকৃতি বা ধ্বংস সাধন করে অথবা বিশ্ববিদ্যালয়ের চত্বরে চলা-ফেরার, চত্বর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার এবং সাইকেল ও অন্যান্য যানবাহন পার্কিং এর নিয়মাবলী যথাযথ পালন না করে তবে প্রক্টর তাহার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(ঙ) নির্দিষ্ট বোর্ড বা স্থান ব্যতীত বিশ্ববিদ্যালয়ের ভবন বা আবাসিক হলের কোন দেয়ালে বা বিশ্ববিদ্যালয়ে কোন যানবাহনের গায়ে বা বিশ্ববিদ্যালয়ের চত্বরের কোন বৃক্ষে শিক্ষার্থীরা কোন কিছু লিখিতে অথবা কোন পোস্টার বা লিফলেট আটকাইতে পারিবে না। এই নিয়মের লঙ্ঘন শৃঙ্খলা ভঙ্গের সামিল বলিয়া বিবেচিত হইবে।

(চ) বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক শিক্ষকের প্রক্টরীয় ক্ষমতা থাকিবে এবং প্রয়োজনবোধে তিনি বিশ্ববিদ্যালয়ের শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে যথাযথ পদক্ষেপ গ্রহণ করিতে পারিবেন। এইরূপ পদক্ষেপের তথ্য প্রক্টরের গোচরে আনিতে হইবে।

(ছ) বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক কর্মকর্তা প্রয়োজন বোধে বিশ্ববিদ্যালয়ের শান্তি শৃঙ্খলা রক্ষার্থে প্রক্টরের অনুমতি সাপেক্ষে পদক্ষেপ গ্রহণ করিতে পারিবেন।

(জ) জরুরি অবস্থায় প্রক্টর বা সহকারী প্রক্টর বিশ্ববিদ্যালয়ের ভিতরে বা বাহিরে কর্তব্য পালনকালে যেকোন সময় বিশ্ববিদ্যালয়ের যেকোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সাহায্য চাহিতে পারিবেন এবং তাঁহাদের দায়িত্ব হইবে প্রয়োজনীয় সকল প্রকার সাহায্য প্রদান করা।

৬। বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষার্থী একক বা যৌথভাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের ক্লাসে, গবেষণাগারে এবং গ্রন্থাগারে উপস্থিত হইতে বাধা প্রদান করিতে পারিবে না। এই নিয়মের লঙ্ঘন শৃঙ্খলা ভঙ্গের শামিল বলিয়া বিবেচিত হইবে।

৭। বিশ্ববিদ্যালয় বা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, বিভাগ বা স্বীকৃত ছাত্র সংসদ কর্তৃক আয়োজিত সভা ব্যতীত শিক্ষার্থীরা অন্য কোন ধরনের সভা প্রক্টরের পূর্বানুমতি ব্যতিরেকে বিশ্ববিদ্যালয়ের ভবন, আবাসিক হলের কোন করিডোর, বারান্দায় বা আবাসিক এলাকায় কোন শিক্ষার্থী একক বা যৌথভাবে কোন স্লোগান দিতে বা মিছিল করিতে পারিবেনা। এই নিয়মের লঙ্ঘন শৃঙ্খলা ভঙ্গের শামিল বলিয়া বিবেচিত হইবে।

৮। বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষার্থী-

(ক) বিশ্ববিদ্যালয়ের কোন ভবনের কোন দরজা, গেইট বা অন্য কোন স্থানে তালাবদ্ধ করিয়া বা অন্য কোনভাবে প্রতিবন্ধকতা সৃষ্টি করিয়া যাতায়াত বা স্বাভাবিক কাজকর্মে বিঘ্ন সৃষ্টি করিতে পারিবে না।

(খ) কোন বহিরাগতকে সাথে করিয়া ক্যাম্পাসে সন্দেহজনক ভাবে ঘোরাফেরা অথবা ভয়ভীতি প্রদর্শন করিতে পারিবে না।

(গ) যে কোন প্রকার মাদকদ্রব্য বহন ও সেবন, আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক দ্রব্য, ছোরা, ডেগার, চাকু, এন্টিকাটার, ক্ষুর, রামদা, কিরিচ, রড, কুড়াল বা অন্য কোন প্রকার অস্ত্রশস্ত্র বহন করিতে বা সাথে রাখিতে পারিবে না।

(ঘ) বিশ্ববিদ্যালয়ের কোন যানবাহন ক্ষতি সাধন, জোরপূর্বক আটক বা উহার গতি পরিবর্তন করিয়া স্বাভাবিক চলাচলে বাধা সৃষ্টি করিতে পারিবে না।

উল্লিখিত উপ-ধারা সমূহের লঙ্ঘন শৃঙ্খলা ভঙ্গের শামিল বলিয়া বিবেচিত হইবে।

৯। শৃঙ্খলা ভঙ্গ বা অসদাচরণের জন্য প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে তাৎক্ষণিকভাবে ৫০০/= টাকা পর্যন্ত জরিমানা, হল থেকে বহিষ্কার, বৃত্তি ও অন্যান্য সুযোগ সুবিধা বাতিল করিতে পারিবেন। তবে বিষয়টি উপাচার্যকে অবহিত করিতে হইবে এবং উপাচার্য প্রয়োজনবোধে সিন্ডিকেটকে অবহিত করিবেন।

১০। উল্লিখিত বিষয়ের বাহিরে কোনো পরিস্থিতি তৈরি হলে, উপাচার্যকে অবহিত করে প্রক্টরীয়াল টিম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

যদি প্রক্টরীয়াল টিম অভিযুক্তদের অধিকতর শাস্তিযোগ্য বলিয়া মনে করিয়া থাকে তবে অতিরিক্ত শাস্তির জন্য প্রক্টরীয়াল কমিটি শৃঙ্খলা বোর্ডের নিকট রিপোর্ট পেশ করিবেন। শৃঙ্খলা বোর্ড প্রয়োজনে অভিযুক্তদের বিরুদ্ধে অন্যান্য যেকোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ তাহাদেরকে চিরতরে বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করিতে পারিবে।

শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নীতিমালা

রিট পিটিশন নং ৫৯১৬/২০০৮

রায় কোন কোন স্থানে কীভাবে ব্যবহার করা যাবে?

বাংলাদেশে কর্মক্ষেত্র এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যৌন হয়রানি প্রতিকারের সুস্পষ্ট কোন আইন নেই যা রক্ষাকবচ হিসেবে আমাদের সংবিধানে উল্লেখিত জেন্ডার সমতাকে নিশ্চিত করতে পারে। ফলে প্রতিনিয়ত ঘটছে নারীর প্রতি যৌন নিপীড়নমূলক ঘটনা। এ প্রেক্ষিতে নারীর নিরাপত্তা নিশ্চিত করার জন্য কিছু দিকনির্দেশনা প্রদান করা হয় যা কর্মক্ষেত্র ও শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হবে এবং যতদিন পর্যন্ত যথাযথ এবং পর্যাপ্ত আইন না হয় ততদিন পর্যন্ত এ নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নীতিমালা

প্রসার

এই নীতিমালা বাংলাদেশের সীমানার মধ্যে সকল সরকারি এবং বেসরকারি কর্মক্ষেত্র এবং শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য কার্যকর হবে।

লক্ষ্য এবং উদ্দেশ্য

ক) যৌন হয়রানি সম্পর্কে সচেতনতা গড়ে তোলা।
খ) যৌন হয়রানির নেতিবাচক প্রভাব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা।
গ) যৌন হয়রানি শাস্তিযোগ্য অপরাধ- এ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা।

যৌন হয়রানির সংজ্ঞা

যৌন হয়রানি বলতে বোঝায়-

ক) অনাকাঙ্ক্ষিত যৌন আবেদনমূলক আচরণ, যেমন: শারীরিক স্পর্শ বা এ ধরনের পরোক্ষ প্রচেষ্টা।
খ) প্রাতিষ্ঠানিক এবং পেশাগত ক্ষমতা ব্যবহার করে কারো সাথে যৌন সম্পর্ক স্থাপনের চেষ্টা করা।
গ) যৌন হয়রানি বা নিপীড়নমূলক উক্তি।
ঘ) যৌন সুযোগ লাভের জন্য অবৈধ আবেদন।
ঙ) পর্ণোগ্রাফি দেখানো।
চ) যৌন আবেদনমূলক মন্তব্য বা ভঙ্গি।
ছ) অশালীন ভঙ্গি, অশালীন ভাষা বা মন্তব্যের মাধ্যমে উত্ত্যক্ত করা বা অশালীন উদ্দেশ্য পূরণে কোন ব্যক্তির অলক্ষ্যে তার নিকটবর্তী হওয়া বা অনুসরণ করা, যৌন ইঙ্গিতমূলক ভাষা ব্যবহার করে কৌতুক বলা বা উপহাস করা।
জ) চিঠি, টেলিফোন, মোবাইল, এসএমএস, ছবি, নোটিশ, কার্টুন, বেঞ্চ, চেয়ার-টেবিল, নোটিশ বোর্ড, অফিস, ফ্যাক্টরি, শ্রেণীকক্ষ, বাথরুমের দেয়ালে যৌন ইঙ্গিতমূলক অপমানজনক কোন কিছু লেখা।
ঝ) ব্লাকমেইল অথবা চরিত্র হননের উদ্দেশ্যে স্থির বা ভিডিও চিত্র ধারণ করা।
ঞ) যৌন হয়রানির কারণে খেলাধুলা, সাংস্কৃতিক, প্রাতিষ্ঠানিক এবং শিক্ষাগত কার্যক্রমে অংশগ্রহণ থেকে বিরত থাকতে বাধ্য করা।

ট) প্রেম নিবেদন করে প্রত্যাখাত হয়ে হুমকি দেয়া বা চাপ প্রয়োগ করা।
ঠ) ভয় দেখিয়ে বা মিথ্যা আশ্বাস দিয়ে বা প্রতারণার মাধ্যমে যৌন সম্পর্ক স্থাপন বা স্থাপনের চেষ্টা করা।

উপরে উল্লেখিত ক-ঠ আচরণসমূহ নারীর স্বাস্থ্য ও সুরক্ষার জন্য হুমকিস্বরূপ এবং অপমানজনক।

কোন নারী যদি এ ধরনের আচারণের শিকার হন এবং যদি তিনি মনে করেন যে, এই বিষয়ে প্রতিবাদ করলে তার কর্মক্ষেত্র বা শিক্ষাপ্রতিষ্ঠানে বা যেখানে তিনি আছেন সেখানকার পরিবেশ তার বিকাশের জন্য বাধা বা প্রতিকূল হতে পারে তাহলে উক্ত আচরণসমূহ নারীর প্রতি বৈষম্যমূলক বলে বিবেচিত হবে।

কিভাবে আমরা যৌন হয়রানির বিরুদ্ধে জনসচেতনতা এবং জনমত সৃষ্টি করতে পারি?

যৌন হয়রানির বিরুদ্ধে আমরা নানাভাবে জনসচেতনতা এবং জনমত সৃষ্টি করতে নিচের পদক্ষেপগুলো নিতে পারি। যেমন-

১. সরকারি-বেসরকারি সকল কর্মক্ষেত্রে এবং শিক্ষাপ্রতিষ্ঠানে জেন্ডার বৈষম্য, যৌন হয়রানি ও নির্যাতন প্রতিরোধ এবং নিরাপদ পরিবেশ সৃষ্টিতে নিয়োগদাতা/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সচেতনমূলক প্রকাশনার উপর সর্বাধিক গুরুত্ব দেবেন। এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি শিক্ষাবর্ষের প্রারম্ভে শ্রেণীর কাজ শুরুর পূর্বে শিক্ষার্থীগণকে এবং সকল কর্মক্ষেত্রে প্রত্যেক মাসে এবং প্রতি ছয় মাসে ওরিয়েন্টেশনের ব্যবস্থা রাখতে হবে।

২. প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট ব্যক্তির জন্য অবশ্যই উপযুক্ত কাউন্সেলিং এর ব্যবস্থা থাকতে হবে।

৩. সংবিধানে উল্লেখিত অনুচ্ছেদ এবং সংবিধিবদ্ধ আইনে নারী শিক্ষার্থী এবং কর্মে নিয়োজিত নারীগণের যে অধিকারের বিষয়ে উল্লেখ করা আছে তা সহজ ভাষায় বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করে সচেতনতা গড়ে তুলতে হবে।

৪. আইন প্রয়োগকারী সংস্থার ব্যক্তিগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষাপ্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রের নিয়োগকর্তাগণ নিজ নিজ প্রতিষ্ঠানে প্রশাসনিক কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ এবং কার্যকরী মতবিনিময় করবেন।

৫. সংবিধানে বর্ণিত জেন্ডার সমতা এবং যৌন অপরাধসমূহ সম্পর্কিত দিকনির্দেশনাটি পুস্তিকা আকারে প্রকাশ করতে হবে।

৬. সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সংবিধানে উল্লেখিত মৌলিক অধিকার সম্পর্কিত নিশ্চয়তা সমূহ প্রচার করতে হবে। এ নীতিমালার উল্লেখিত ৪ ধারা অনুযায়ী যৌন হয়রানি এবং যৌন নির্যাতন প্রতিরোধে যথাযথ শৃঙ্খলাবিধি প্রণয়ন এবং কার্যকর করতে হবে।

৭. প্রত্যেকটি শিক্ষাপ্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রে অভিযোগ গ্রহণের জন্য অভিযোগ বাক্স স্থাপন করতে হবে, যাতে কেউ নিজের পরিচয় গোপন রেখে অভিযোগ করতে পারে।

যৌন হয়রানির বিরুদ্ধে কীভাবে অভিযোগ করতে হবে?

যে সকল যৌন হয়রানিমূলক কাজ ও আচরণ প্রচলিত আইনের অন্তর্ভুক্ত নয় এমন অশোভন আচরণসমূহ সম্পর্কে যদি অপরাধের শিকার নারী অভিযোগ করতে চায় তা গ্রহণ করার সঠিক ও পর্যাপ্ত ব্যবস্থা থাকতে হবে। অভিযোগ দায়ের ও পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরন করতে হবে।

ক) অপরাধ প্রমাণিত না হওয়া পর্যন্ত অভিযোগকারী এবং অভিযুক্ত ব্যক্তির পরিচয় গোপন রাখতে হবে।
খ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগকারীর নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
গ) অপরাধের শিকার ব্যক্তি নিজে অথবা বন্ধু কিংবা আত্মীয় বা চিঠি অথবা আইনজীবীর মাধ্যমে লিখিতভাবে অভিযোগ দায়ের করতে হবে।
ঘ) অভিযোগকারী ব্যক্তি স্বতন্ত্রভাবে অভিযোগ কমিটির নারী সদস্যের কাছে অভিযোগ জানাতে পারে।
ঙ) নীতিমালার বর্ণিত ৯ ধারা অনুযায়ী গঠিত অভিযোগ কমিটির নিকট দায়ের করতে হবে।

অভিযোগ কমিটি কীভাবে তাদের কার্যপদ্ধতি পরিচালনা করবে?

অভিযোগ কমিটির কার্যপদ্ধতি

ঘটনা ঘটার ৩০ কার্যদিবসের মধ্যে অভিযোগ কমিটির কাছে অভিযোগ পেশ করতে হবে। অভিযোগের সত্যতা প্রমাণের জন্য কমিটি-

ক) লঘু হয়রানির ক্ষেত্রে যদি সম্ভব হয়, অভিযোগ কমিটি পক্ষদ্বয়ের সম্মতি নিয়ে অভিযোগ মীমাংসার ব্যবস্থা নিবে এবং এ বিষয়ে সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন দাখিল করবে।

খ) অন্য সকল ক্ষেত্রে অভিযোগ কমিটি বিষয়টি তদন্ত করবে।

গ) অভিযোগ কমিটি উভয় পক্ষকে এবং সাক্ষীদের ডাকযোগে রেজিস্ট্রি করে নোটিশ পাঠাবে। এর শুনানী পরিচালনা, তথ্য প্রমাণ সংগ্রহ এবং সকল সংশ্লিষ্ট দলিল পর্যবেক্ষণ ক্ষমতা থাকবে। এ ধরনের পারিপার্শ্বিক অভিযোগের ক্ষেত্রে মৌখিক প্রমাণ ছাড়াও পরিপার্শ্বিক প্রমাণের উপর গুরুত্ব দেয়া হবে।

ঘ) অভিযোগ কমিটির কার্যক্রম নিশ্চিত করতে সরকারি এবং বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রের সংশ্লিষ্ট অফিস সকল ধরনের সহযোগিতা প্রদানে বাধ্য থাকবে।

ঙ) অভিযোগ কমিটি অভিযোগকারীদের পরিচয় গোপন রাখবে। অভিযোগকারীর সাক্ষ্য গ্রহণের সময় এমন কোন প্রশ্নপত্র বা আচরণ করা হবে না যা উদ্দেশ্যমূলক, অপমানজনক এবং হয়রানিমূলক হয়। রুদ্ধদার কক্ষে সাক্ষ্য গ্রহণকালে যথাযথ গোপনীয়তা রক্ষা করতে হবে।

চ) অভিযোগকারী যদি অভিযোগ তুলে নিতে চায় বা তদন্ত বন্ধের দাবি জানায় তাহলে এর কারণ তদন্ত করে প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

ছ) অভিযোগ কমিটি ৩০ দিনের মধ্যে তাদের সুপারিশসহ তদন্ত প্রতিবেদন শিক্ষাপ্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রদান করবে। প্রয়োজনে এর সময়সীমা ৩০ কার্যদিবস থেকে ৬০ কার্যদিবসে বাড়ানো যাবে।

জ) যদি এটা প্রমাণিত হয় যে, উদ্দেশ্য প্রণোদিতভাবে মিথ্যা মামলা দায়ের করা হয়েছে তাহলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অভিযোগকারীর বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হবে। অভিযোগ কমিটির বেশিরভাগ সদস্য যে সিদ্ধান্ত দিবে তার উপর ভিত্তি করে সিদ্ধান্ত নেয়া হবে।

যৌন হয়রানির বিরুদ্ধে শাস্তি কী?

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অভিযুক্ত ব্যক্তিকে (ছাত্র ব্যতিরেকে) সাময়িকভাবে বরখাস্ত করতে পারে এবং ছাত্রদের ক্ষেত্রে, অভিযোগ কমিটির সুপারিশ অনুযায়ী তাদেরকে ক্লাস করা থেকে বিরত রাখতে পারেন। অভিযুক্তের বিরুদ্ধে যৌন নিপীড়নের অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তা অসদাচরণ হিসেবে গণ্য করবে এবং সকল সরকারি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রের শৃঙ্খলা বিধি অনুসারে ৩০ কার্যদিবসের মধ্যে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে, বা যদি উক্ত অভিযোগ কোন দণ্ডযোগ্য অপরাধ বলে গণ্য হয় তাহলে সংশ্লিষ্ট আদালতে পাঠিয়ে দিবে।

এই নীতিমালা সকল সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রে অনুসরণ এবং পালন করা হবে যতদিন না পর্যন্ত এই ক্ষেত্রে উপযুক্ত আইন প্রণয়ন না হয়।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও নির্দেশনা

লাইব্রেরি পরিচিতি ও সংরক্ষিত রিসোর্সসমূহ:

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরির সেবা কার্যক্রম ২০০৭ সাল থেকে শুরু করা হয়। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক সহ সকল পাঠকদেরকে তথ্যসমৃদ্ধ অধ্যয়ন ও পাঠসেবা প্রদানের লক্ষ্যে নিয়েপ্রশাসনিক ভবনের ৫ম তলায় কেন্দ্রীয় লাইব্রেরির সেবা পরিচালিত হচ্ছে । বর্তমানে লাইব্রেরিতে প্রায় ৩০০০০ বই, ২০০০ জার্নাল, ১০০০ রিপোর্ট, গবেষণাপত্র, ম্যাগাজিনসহ অন্যান্য পাঠোপকরণ সংরক্ষিত আছে। এছাড়া ২০টি দৈনিক সংবাদপত্র প্রতিদিন সংগ্রহ করা হচ্ছে। প্রিন্ট বই/রিসোর্সের পাশাপাশি JStore, Emerald, Wiley এবং Research4Life পাবলিশার্সের উল্লেখযোগ্য সংখ্যক ই-বুকস ও ই-জার্নাল রয়েছে।

লাইব্রেরির সময়সূচি:

রবিবার থেকে বৃহস্পতিবার (কার্যদিবস) : সকাল ৯:০০টা থেকে রাত ৮:০০টা পর্যন্ত
(বই ইস্যু ও প্রশাসনিক কার্যক্রম ৯:০০টা থেকে ৪:৪৫টা পর্যন্ত)।

সেবা গ্রহণের পদ্ধতি ও করনীয়:

কেন্দ্রীয় লাইব্রেরি ব্যবহার ও আনুষঙ্গিক সেবা গ্রহণ করার ক্ষেত্রে পূর্বশর্ত হলো লাইব্রেরির সদস্য হওয়া এবং লাইব্রেরি কার্ড করা। এক্ষেত্রে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রদেরকে কেন্দ্রীয় লাইব্রেরি থেকে নির্দিষ্ট সদস্য ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে ভর্তি রশিদ, রেজিস্ট্রেশন কার্ড, ১ কপি পাসপোর্ট ও ১ কপি স্ট্যাম্প সাইজ ছবি সংযুক্ত করে লাইব্রেরি কার্যালয়ে জমা দিতে হবে। পাশাপাশি কেন্দ্রীয় লাইব্রেরির ই-রিসোর্স সেবা পেতে https://coulibrary.remotexs.co সাইটে প্রবেশ করে create a new account option এ ক্লিক করে নির্ধারিত ফর্ম পূরণ করে সাবমিট করতে হবে।

বই ইস্যুকরণ সংক্রান্ত তথ্য:

নিম্নবর্ণনা মোতাবেক সকল শ্রেণীর ব্যবহারকারীগণ বই লেনদেন করতে পারবেন:

ব্যবহারকারী	বইয়ের সংখ্যা	সময়/মেয়াদ	বিলম্বিত সময়ের ক্ষেত্রে জরিমানার হার
ছাত্র-ছাত্রী	০২টি	১৪ দিন	(নির্দিষ্ট সময়ের পর) ১ - ১৫ দিন = প্রতিদিন ১ টাকা, ১৬ - ৪৫ দিন = প্রতিদিন ২ টাকা, ৪৬ দিন ও তদূর্ধ্ব = প্রতিদিন ৫ টাকা (বই হারিয়ে গেলে) বিলম্বিত জরিমানা (প্রযোজ্য ক্ষেত্রে)+বইয়ের প্রকৃত মূল্য/নতুন বই+২০% সার্ভিস চার্জ
শিক্ষক	১৫টি	১৮০ দিন/১ সেমিস্টার	
কর্মকর্তা	০৫টি	৩০ দিন	
কর্মচারী	০২টি	৩০ দিন	
অন্যান্য	০১টি	০৭ দিন	

লাইব্রেরি ছাড়পত্র (Clearance) প্রদান প্রসঙ্গে:

ছাত্র-ছাত্রীদের স্নাতক এবং স্নাতকোত্তর শ্রেণীর সামরিক সনদ/মূল সনদ/ট্রান্সক্রিপ্ট ইত্যাদি উত্তোলনের ক্ষেত্রে ছাড়পত্র সংগ্রহের সময় সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীকে ইস্যুকৃত বই ও লাইব্রেরি কার্ড (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিতে হবে।

Academic Calendar

Semester	C. S.	M-1	M-2	C. Sus.	P.W.	Submission of 40% Marks	Final Exam
1st (Orientation Week 15 - 21 Jan)	15 Jan. 2023	15 March To 23 March	2 May To 11 May	31 May	1 June to 14 June	7 June	15 June To 7 July, 2023
2nd	16 July, 2023	3 Sep. to 10 Sep.	10 Oct. to 16 Oct.	30 Oct.	1 Nov to 14 Nov.	7 Nov.	15 Nov to 7 Dec. 2023
3rd	15 Jan. 2024	15 March To 23 March	2 May To 11 May	31 May	1 June to 14 June	7 June	15 June To 7 July, 2024
4th	16 July, 2024	3 Sep. to 10 Sep.	10 Oct. to 16 Oct.	30 Oct.	1 Nov to 14 Nov.	7 Nov.	15 Nov to 7 Dec. 2024
5th	15 Jan. 2025	15 March To 23 March	2 May To 11 May	31 May	1 June to 14 June	7 June	15 June To 7 July, 2025
6th	16 July, 2025	3 Sep. to 10 Sep.	10 Oct. to 16 Oct.	30 Oct.	1 Nov to 14 Nov.	7 Nov.	15 Nov to 7 Dec. 2025
7th	15 Jan. 2026	15 March To 23 March	2 May To 11 May	31 May	1 June to 14 June	7 June	15 June To 7 July, 2026
8th	16 July, 2026	3 Sep. to 10 Sep.	10 Oct. to 16 Oct.	30 Oct.	1 Nov to 14 Nov.	7 Nov.	15 Nov to 7 Dec. 2026

Note: C. S. = Class Start, M-1: 1st Mid Term, M-2: 2nd Mid Term, C. Sus.: Class Suspended, P. W.: Preparatory Weeks.

1st Convocation of Comilla University, 2020.

Vice Chancellor's Scholarship Awarding Ceremony for Meritorious and Indigent Students.

আসুন, দুর্নীতির বিরুদ্ধে রুখে দাঁড়াই!

পরিষ্কার পরিচ্ছন্ন সবুজ ক্যাম্পাস গড়ে তোলার অঙ্গীকার!

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

প্রতিষ্ঠাকাল : ২০০৬

চ্যান্সেলর
মোঃ আবদুল হামিদ
মহামান্য রাষ্ট্রপতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

ভাইস-চ্যান্সেলর
প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

প্রো-ভাইস চ্যান্সেলর
প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

ট্রেজারার
প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

২০২৩ খ্রিস্টাব্দ

১৪২৯-১৪৩০ বঙ্গাব্দ

জানুয়ারি — পৌষ-মাঘ

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ.	শুক্র	শনি
১	২	৩	৪	৫	৬	৭
৮	৯	১০	১১	১২	১৩	১৪
১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১
২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮
২৯	৩০	৩১				

ফেব্রুয়ারি — মাঘ-ফাল্গুন

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ.	শুক্র	শনি
			১	২	৩	৪
৫	৬	৭	৮	৯	১০	১১
১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
২৬	২৭	২৮				

মার্চ — ফাল্গুন-চৈত্র

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ.	শুক্র	শনি
			১	২	৩	৪
৫	৬	৭	৮	৯	১০	১১
১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
২৬	২৭	২৮	২৯	৩০	৩১	

এপ্রিল — চৈত্র-বৈশাখ

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ.	শুক্র	শনি
৩০						১
২	৩	৪	৫	৬	৭	৮
৯	১০	১১	১২	১৩	১৪	১৫
১৬	১৭	১৮	১৯	২০	২১	২২
২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯

মে — বৈশাখ-জ্যৈষ্ঠ

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ.	শুক্র	শনি
	১	২	৩	৪	৫	৬
৭	৮	৯	১০	১১	১২	১৩
১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭
২৮	২৯	৩০	৩১			

জুন — জ্যৈষ্ঠ-আষাঢ়

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ.	শুক্র	শনি
				১	২	৩
৪	৫	৬	৭	৮	৯	১০
১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
২৫	২৬	২৭	২৮	২৯	৩০	

জুলাই — আষাঢ়-শ্রাবণ

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ.	শুক্র	শনি
৩০	৩১					১
২	৩	৪	৫	৬	৭	৮
৯	১০	১১	১২	১৩	১৪	১৫
১৬	১৭	১৮	১৯	২০	২১	২২
২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯

আগস্ট — শ্রাবণ-ভাদ্র

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ.	শুক্র	শনি
		১	২	৩	৪	৫
৬	৭	৮	৯	১০	১১	১২
১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
২০	২১	২২	২৩	২৪	২৫	২৬
২৭	২৮	২৯	৩০	৩১		

সেপ্টেম্বর — ভাদ্র-আশ্বিন

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ.	শুক্র	শনি
					১	২
৩	৪	৫	৬	৭	৮	৯
১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০

অক্টোবর — আশ্বিন-কার্তিক

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ.	শুক্র	শনি
১	২	৩	৪	৫	৬	৭
৮	৯	১০	১১	১২	১৩	১৪
১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১
২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮
২৯	৩০	৩১				

নভেম্বর — কার্তিক-অগ্রহায়ণ

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ.	শুক্র	শনি
			১	২	৩	৪
৫	৬	৭	৮	৯	১০	১১
১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
২৬	২৭	২৮	২৯	৩০		

ডিসেম্বর — অগ্রহায়ণ-পৌষ

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ.	শুক্র	শনি
৩১					১	২
৩	৪	৫	৬	৭	৮	৯
১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০

২০২৩ সালের ছুটির তালিকা

[illegible]		[illegible]	[illegible]	[illegible]		[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
			[illegible]	[illegible]	[illegible]	[illegible]
			[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]

[illegible]		[illegible]	[illegible]	[illegible]		[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]		[illegible]		[illegible]		[illegible]

- [illegible]
- [illegible]
- [illegible]
- [illegible]
- [illegible]
- [illegible]
- [illegible]

প্রকাশনায়: কুমিল্লা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, ই-মেইল: registrarcou@gmail.com/registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd, ফোন: ০২৩৩৪৪১১১৬৫